

এমপিওভুক্তির দাবি রাতেও শিক্ষা ভবনের সামনে অবস্থান শিক্ষকদের

নিজস্ব প্রতিবেদক

১৭ অক্টোবর ২০২৪, ১২:০০ এএম



দেশের বেসরকারি অনার্স-মাস্টার্স স্তরের শিক্ষকরা এমপিওভুক্তির দাবিতে গতকাল বুধবার রাতেও রাজধানীর আব্দুল গণি রোডে শিক্ষা ভবনের সামনে সড়ক অবরোধ করেন। এই দাবিতে বাংলাদেশ বেসরকারি কলেজ অনার্স-মাস্টার্স ফেডারেশনের ব্যানারে শিক্ষকরা গত মঙ্গলবার থেকে অবস্থান কর্মসূচি পালন করছেন।

আন্দোলনরত শিক্ষকরা জানান, আমরা যথাযথ আশ্বাস না পাওয়া পর্যন্ত রাস্তা ছাড়ব না। আমাদের রাস্তা থেকে উঠে যাওয়ার জন্য পুলিশ অনুরোধ করছে। কিন্তু আমরা তাদের বলেছি, দাবি আদায়ের জন্য প্রধান উপদেষ্টার হস্তক্ষেপ চেয়েছি। প্রয়োজনে আমরা প্রধান উপদেষ্টার অফিস যমুনায়ে যাব। দাবি আদায় না হওয়া পর্যন্ত রাস্তা ছেড়ে যাব না।

ফেডারেশনের সভাপতি নেকবর হোসেন বলেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১-এ জনবল অন্তর্ভুক্ত করা হয়নি বা কোনো নির্দেশনাও দেওয়া হয়নি। ফলে এমপিওভুক্ত হতে পারছেন না সাড়ে ৩ হাজার শিক্ষক।